# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 FEBRUARY 2025** **7:45—7:55**

---

(১) আসাম দেশে মধ্যে দ্রুত বিকশিত রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বিধানসভায় প্রকাশ/

(২) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ দুদিনের আসাম সফরসূচি নিয়ে আগামীকাল শিলচরে এসে  কাছাড় জেলার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী কাটিগড়ার নাতানপুর গ্রাম পরিদর্শন/

(৩) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আগামীকাল শিলচরের আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাস থেকে উপত্যকার তিন জেলার সাত হাজারেরও বেশি হিতাধীকারীর মধ্যে ভার্চুয়াল ব্যবস্থায় আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের চেক বিতরণ/ একইসঙ্গে তিনটি জলসরবরাহ প্রকল্পের শিলান্যাস/

(৪) সুপ্রীম কোর্টে নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে দাখিল করা আবেদনের চূড়ান্ত শুনানির দিন ধার্য/

এবং

(৫) ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র রমজান মাস পালন আজ থেকে আরম্ভ /

---

আসাম দেশের মধ্যে সবচাইতে দ্রুত বিকাশশীল অর্থব্যবস্থা হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মন্তব্য করেছেন । পঞ্চদশ আসাম বিধানসভার বাজেট অধিবেশনের আজ শেষ দিনে রাজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কীত বিতর্কের উত্তরে ডঃ শর্মা বলেন যে বিগত ৫ বছরে আসামের অর্থ ব্যবস্থার বিকাশের হার ৪৫ শতাংশ হয়েছে ।  ২০২৮ সালের মধ্যে আসাম ১০ লক্ষ কোটি টাকার

অর্থনীতিতে উপনীত হবে বলে তিনি আশা প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী বলেন-------------
বাইট

মুখ্যমন্ত্রী বলেন যে ২০২৪-২৫ অর্থ বছরে আসামের গড় আয় ৮৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে । অনুরূপভাবে ২০২৪-২৫ অর্থবছরে আসাম ৩০ হাজার ৫২ কোটি টাকা নিজস্ব কর সংগ্রহ করতে সমর্থ হয়েছে বলে তিনি জানান । ডঃ শর্মা বলেন যে আগামী ৫ বছরে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর অভিযানের অধীনে ১০ লক্ষ যুবক যুবতীকে ১ লক্ষ টাকা করে অর্থ সাহায্য প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী বলেন যে বি জেপি সরকার পুনরায় ক্ষমতা দখল করলে প্রথম তিনবছরে শুধু শিক্ষা বিভাগে ৫০ হাজারেরও বেশী চাকুরী প্রদান করা হবে । ১০ দিনের মধ্যে ১৫০ মেগাওয়াট উৎপাদনক্ষম কপিলী জলবিদ্যুৎ প্রকল্প উদ্বোধন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

বিধানসভায় আজ বিরোধী কংগ্রেস এবং রাইজর দল বিচারপতি বিপ্লব শর্মা কমিশনের ৬ জনগোষ্ঠির জনজাতিকরণ প্রক্রিয়া সম্পর্কে দাখিল করা পরামর্শবলী সম্পর্কে প্রশ্ন উত্থাপন করে । এই সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে সরকার কমিশনের পরামর্শ অনুযায়ি বহু কাজ করেছে এবং বাকী থাকা কাজগুলো আগামীতে সম্পূর্ণ করা হবে । তিনি এই ক্ষেত্রে বিরোধীদের সহযোগিতা কামনা করেন । কংগ্রেস এবং রাইজর দলের বিধায়করা মুখ্যমন্ত্রী এই প্রশ্নের সরাসরি উত্তর দেননি বলে অভিযোগ করে সভাকক্ষ ত্যাগ করে ।

অধিবেশনের আজ শেষ দিনে অর্থমন্ত্রী অজন্তা নেওগ পরিপূরক ব্যয় মঞ্জুরী দাবী সম্পর্কীত বিতর্কের উত্তর দেন ।এরপর অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারি সব মন্ত্রী বিধায়কদের কৃতজ্ঞতা জানিয়ে বিধানসভার কাজকর্ম অনির্দিষ্ট কালের জন্য স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ দুদিনের আসাম সফরসূচি নিয়ে আগামীকাল শিলচরে আসছেন । শ্রী শাহ্ আগামীকাল সকাল সাড়ে দশটায় কাছাড় জেলার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী কাটিগড়ার নাতানপুর গ্রাম পরিদর্শন করবেন । তিনি অবৈধ প্রব্রজন এবং সীমান্ত দিয়ে চলা অপরাধ নিয়ন্ত্রণের জন্য ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের অগ্রগতি এবং সুরক্ষা ব্যবস্থার পর্যালোচনা করবেন । সরাষ্ট্র মন্ত্রী শিলচর থেকে ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচির দ্বিতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা করবেন । কেন্দ্রীয় সরকারের তহবিল থেকে রূপায়ণ করা এই কার্যসূচির মাধ্যমে দেশের সীমান্তবর্তী গ্রামগুলিতে অত্যাধুনিক সড়ক, দূরসংযোগ ব্যবস্থা এবং বহনক্ষম কর্মসংস্থানের সুযোগের মাধ্যমে ঐসব অঞ্চলকে আত্মনির্ভর কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা

হয়েছে । আগামী শনিবার তাঁর গুয়াহাটির সরুসজাইতে সি আর পি এফ'এর ৮৭তম প্রতিষ্ঠা দিবসের কার্যসূচিতে অংশগ্রহণ করার কথা রয়েছে । উল্লেখ্য- কেন্দ্রীয় বাহিনীটি এই প্রথমবার উত্তর পূর্বাঞ্চলে তাদের প্রতিষ্ঠা দিবসের কুচকাওয়াজের আয়োজন করেছে । শ্রী শাহ্ একইসঙ্গে সোনাপুরের কচুতলীতে দশম আসাম পুলিশ ব্যাটেলিয়ানের নতুন ছাউনীরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সরাষ্ট্র মন্ত্রীর এই সফরকালে বিজেপির নির্বাচনকেন্দ্রীক মিত্রতা সম্পর্কে চূড়ান্ত আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে ।

এদিকে দুদিনের কার্যসূচি নিয়ে কংগ্রেস নেত্রী ও নিখিল ভারত কংগ্রেসের নিরীক্ষণ কমিটির অধ্যক্ষা প্রিয়াঙ্কা গান্ধী আজ গুয়াহাটি এসেছেন । আজ সকালে বড়ঝাড় বিমান বন্দরে দলীয় নেতা-কর্মীরা কংগ্রেস নেত্রীকে স্বাগত জানান । সাংসদ শ্রীমতি গান্ধী বরঝার বিমান বন্দর থেকে কামাখ্যা মন্দিরে যান এবং দেবীর আশীর্বাদ গ্রহণ করেন । এরপর তিনি গুয়াহাটির রাজীব ভবনে গিয়ে দলের বিভিন্ন পর্যায়ের আধিকারিকদের সঙ্গে আলোচনায় মিলিত হন । কংগ্রেস নেত্রী শ্রীমতি গান্ধী সেখানে একটি দলীয় সভায় অংশগ্রহণ করেন । এই সভায় আসাম প্রদেশ কংগ্রেস কমিটির তত্বাবধায়ক জীতেন্দ্র সিং, নিখিল ভারত কংগ্রেস কমিটির কেন্দ্রীয় পর্যবেক্ষক তথা কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার, ছত্তিসগড়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেলার উপস্থিতিতে প্রিয়াঙ্কা গান্ধী বিজেপি নেতৃত্বাধীন আসাম সরকারের বিরুদ্ধে 'জনতার অভিযোগনামা' শীর্ষক পুস্তিকা প্রকাশ করেন । পুস্তিকাটি রাজ্যের ৩৫টি জেলা সফর করে জনসাধারণের মতামত নিয়ে প্রকাশ করা হয়েছে বলে প্রদেশ কংগ্রেসের ইস্তাহার কমিটির সভাপতি তথা সাংসদ প্রদ্যোৎ বরদলৈ জানিয়েছেন । পুস্তিকাটিতে রাজ্য সরকারের বিরুদ্ধে কুড়িটি অভিযোগ সন্নিবিষ্ট করা হয়েছে । নিরীক্ষণ সমিতির অধ্যক্ষ প্রিয়াঙ্কা গান্ধী আজ এবং আগামীকাল সমস্ত দিন দলের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন । এবং এরপর আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের প্রার্থী চূড়ান্ত করবেন বলে সাংবাদিকদের জানিয়েছেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামী কাল বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলার মোট ৭ হাজার ২৭৩ জন হিতাধীকারীকে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে প্রথম কিস্তির অর্থ বিতরণ করবেন । এ উপলক্ষে আগামীকাল শিলচর রামনগর আই এস টি টিতে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।অনুষ্ঠানে শিল্প বানিজ্য বিভাগের মন্ত্রী বিমল বরা , জনস্বাস্থ্য কারিগড়ি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , পশুপালন পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী

কৃষ্ণেন্দু পাল প্রমুখ উপস্থিত থাকবেন ।এদিকে মুখ্যমন্ত্রী আজ শোনিতপুর , দরং এবং বিশ্বনাথ জেলার মোট ৬ হাজার ৫৬১ জন হিতাধিকারীর মধ্যে এই অভিযানের অধীনে প্রথম কিস্তির অর্থ বিতরণ করেন ।

এদিকে মুখ্যমন্ত্রী আগামীকাল বুরুঙ্গা দ্বিতীয় খন্ডে ষ্টার সিমেন্ট ফেক্টরি উদ্বোধন করবেন ।

------------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল বরাক উপত্যকার তিনটি জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস করবেন । মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আগামীকাল শিলচর আই এস টি টি থেকে ভার্চুয়াল ব্যবস্থায় হাইলাকান্দি , লালা ও বদরপুর জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস করবেন । এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে ৭২ কোটী ৪২ লক্ষ টাকার হাইলাকান্দি জল সরবরাহ প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠানটি স্থানীয় রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে বড় পর্দায় দেখানো হবে । এদিকে ৪০ কোটী ৪২ লক্ষ টাকার লালা জল সরবরাহ প্রকল্প লালা রুরেল কলেজে দেখানো হবে ।

------------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯ এবং এর নিয়মাবলী সম্পর্কে প্রত্যাহ্বান জানিয়ে দাখিল করা আবেদন সমুহের চূড়ান্ত শুনানীর দিন ঘোষণা করেছে । সুপ্রীম কোর্ট আসাম এবং ত্রিপুরার জন্য পৃথক দিন ধার্য করেছে । এই অনুযায়ি ২৪৩ টি আবেদনের শুনানই ৫ মে থেকে ১২ মে পর্যন্ত অনুষ্ঠিত হবে । আবেদনকারীদের জন্য ৫ এবং ৬ মে ধার্য করা হয়েছে । ৭ মে বিবাদী পক্ষ নিজেদের যুক্তি প্রদর্শন করবেন ।মুখ্য বিচারপতি সূর্যকান্ত , বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চালীর এক বিচারপীঠ আজ এই সিদ্ধান্ত গ্রহণ করে ।

------------------------------------------------------------------------------------------

ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র রমজান মাস আজ থেকে আরম্ভ হয়েছে । দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের আকাশে গতসন্ধ্যায় চাঁদ দেখা দেওয়ার পর আজ থেকে ইসলাম ধর্মাবলম্বী লোকেরা তাদের পবিত্র রমজান মাস পালন শুরু করেছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পবিত্র রমজান মাস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । এই উপলক্ষে দেওয়া এক বার্তায় শ্রী মোদী এই পবিত্র মাস সমাজে ঐক্যের বন্ধন আরো সুদৃঢ় করবে বলে আশা প্রকাশ করেছেন । তিনি একইসঙ্গে সবার সুখ ও সম্বৃদ্ধি কামনা করেছেন। কেন্দ্রীয় হিলাল কমিটি গতকাল রমজানের কথা ঘোষণা করে আসামবাসীকে শুভেচ্ছা জানিয়েছে । উল্লেখ্য- রমজান হচ্ছে

ইসলামিক ক্যালেন্ডারের নবম মাস । এবং এই পবিত্র মাসে একমাসের উপবাসের শেষে ঈদ-উল-ফিতর পালন করা হয় ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ থেকে রমজানের উপবাস শুরু হয়েছে । উপত্যকার ইসলাম ধর্মাবলম্বী লোকেরা গতরাত্রে তেরাবীর নামাজ পড়ে একমাসব্যাপী রোজা পালন আরম্ভ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ তার কার্যালয় প্রাঙ্গণ থেকে সুসংহত স্বাস্থ্য অভিযানের সূচনা করেছেন। আসাম রাজ্য এইডস কন্ট্রোল সমিতির উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য অভিযানের মূল উদ্দেশ্য হচ্ছে প্রত্যন্ত গ্রামাঞ্চলের সাধারণ মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে- আগামী ৩০ দিন জেলার ৩০টি গ্রামে পর্যায়ক্রমে এই স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে । প্রতিটি শিবিরে চিকিৎসক , নার্স ও স্বাস্থ্য কর্মীদের বিশেষ দল উপস্থিত থাকবেন ।

-----------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর দ্বিতীয় লিংক রোডে নিকাশি ব্যবস্থার কাজের জন্য এই সড়ক দিয়ে গতকাল থেকে আগামী ১৮ই এপ্রিল পর্যন্ত সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । জনসাধারণকে এই সময়ে বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------